



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 4/18/2022

গভর্নর ক্যাথি হোকল

**স্টেট ও স্থানীয় করের উপর আরোপকৃত সীমার ব্যাপারে করা আপিল আবেদন
যুক্তরাষ্ট্রের সুপ্রিম কোর্ট কর্তৃক প্রত্যাহ্য হওয়া সম্পর্কে গভর্নর ক্যাথি হোকলের
বিবৃতি**

"চার বছর আগে সাবেক প্রেসিডেন্ট ট্রাম্প ও রিপাবলিকানদের নিয়ন্ত্রণাধীন কংগ্রেস নিউ ইয়র্কবাসীদের উপর একটি অর্থনৈতিক হামলা চালায়। তাদের কর পরিকল্পনায় বৃহৎ কর্পোরেশনগুলোকে বড় ধরনের ছাড় দেওয়া হয় এবং অন্যদিকে নিউ ইয়র্কের মধ্যবিত্ত শ্রেণির পরিবারগুলোর উপর কর বৃদ্ধি করা হয়। যদিও যুক্তরাষ্ট্রের সুপ্রিম কোর্টের এই সিদ্ধান্তে আমি নিরাশ হয়েছি, আমি নিউ ইয়র্কের পরিবারগুলোর জন্য এবং তাদের প্রাপ্য কর ছাড়ের পক্ষে লড়াই করা থেকে পিছপা হবো না। আর সেকারণেই আমি সম্প্রতি প্রণীত স্টেট বাজেটে আমাদের মধ্যবিত্ত শ্রেণির কর কর্তন ত্বরান্বিত করেছি, উল্লেখযোগ্য পরিমাণে প্রপার্টি ট্যাক্স ছাড় দেওয়ার বিষয়টি সামনে এনেছি এবং গ্যাস সংক্রান্ত কর স্থগিত করার উদ্যোগ নিয়েছি।

রিপাবলিকান কর পরিকল্পনা দ্বারা সংঘটিত ক্ষতি পুনরুদ্ধার করার এবং মধ্যবিত্ত শ্রেণির নিউ ইয়র্কবাসীদের সাহায্য করার জন্য সম্পূর্ণ SALT কর্তন পুনর্বহাল করার ক্ষমতা হোয়াইট হাউজ ও কংগ্রেসের নেতৃবৃন্দের রয়েছে। ক্রমশ ব্যয় বৃদ্ধি পেতে থাকা এবং নিউ ইয়র্কবাসীদের ক্ষতিগ্রস্ত হওয়ার এই সময়ে আমি ওয়াশিংটনে অবস্থানকারী আমাদের নেতৃবৃন্দের প্রতি যত দ্রুত সম্ভব এই অতি গুরুত্বপূর্ণ অর্থনৈতিক সমস্যার সমাধান করার জন্য সর্নির্বন্ধ অনুরোধ জানাচ্ছি।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

[আনসাবক্লাইব করুন](#)